মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ নারীসহ ১৬ আসামি গ্রেফতার

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ জন নারীসহ ১৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ ১২ আসামি, গাংনী থানা পুলিশ ২ ও মুজিবনগর থানা পুলিশ ২ জন আসামি গ্রেফতার করেছে।

বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (৫ আগষ্ট) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক ইউনিট অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃরা হলেন, সদর উপজেলা টুঙ্গি গ্রামের আরেজ আলীর ছেলে সাহাবুদ্দীন ঘটক, মামলা নং সিআর ৩৫৫/২২, মেহেরপুর শহরের শেখপাড়া এলাকার মন্টু মীরের ছেলে উজ্জল মীর, মামলা নং সিআর ৫৩/১৮, সদর উপজেলার সিংহাটি শিমুলতলা গ্রামের আব্দুল জলিলের স্ত্রী নছিনা খাতুন, নাজির হোসেনের স্ত্রী আসমা খাতুন, বকুল হোসেনের স্ত্রী সাবিনা খাতুন, আশরাফ আলীর স্ত্রী জাহানার খাতুন। এদের নামে এনজিও জাগরনি চক্র ঋণ খেলাপির অভিযোগে মামলা দায়ের করেছে। মামলা নং সিআর ৫৫/২২, ঝাউবাড়িয়া গ্রামের আব্দুল হান্নানের স্ত্রী শাহানারা খাতুন, মামলা নং সিআর ৯২/২০, গোভিপুর গ্রামের ইন্তাজ আলীর স্ত্রী চম্পা খাতুন মামলা নং এসসি ৯৩/২২, শহরের নতুনপাড়া এলাকার মৃতু আব্দুল মোমিনের ছেলে আলাউদ্দীন মামলা নং জিআর ১২২/২২, ভূমি অফিসপাড়া এলাকার কুবাত আলীর ছেলে শাহারুল ইসলাম ওরফে মাইকেল ও তার স্ত্রী রেনুকা খাতুন মাদক আইনে নিয়মিত মামলা নং ৪, তারিখ ৪/৮/২০২২ ইং ও রাইপুর দিঘিরপাড়া এলাকার মোকাম আলীর ছেলে মকবুল হোসেন, মামলা নং ৩, তারিখ ৪/৮/২০২২ ইং। গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে এ উপজেলার নিশিপুর গ্রামের লালন হোসেনের ছেলে জসিম উদ্দীন, মামলা নং সিআর ৪৪৬/২২ ও গাংনী বাসস্ট্যান্ড পাড়া এলাকার সদর আলীর ছেলে ফজলুল হককে মামলা নং জিআর ১৭৪/১৫কে গ্রেফতার করে। এছাড়া মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে নাজিরাকোনা সোনাপুর গ্রামের ইউনুছ আলীর স্ত্রী সখি শুনা, মামলা নং সিআর ১২/২২ ও দারিয়াপুর গ্রামের শাবান আলীর ছেলে রাফিজ মামলা নং সিআর ৪২৩/২২ গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসের নেতৃত্বে পুলিশের একাধিক ইউনিট পৃথভাবে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

আজ শুক্রবার (৫ আগষ্ট) দুপুরেরর দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার

মেহেরপুর পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযান চালিয়ে ২ আসামী গ্রেফতার করেছে।

নিয়মিত মামলার ১ আসামী গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ অপরদিকে মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ আসামী গ্রেফতার করেছে।

মঙ্গলবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের পৃথক দল অভিযান চালিয়ে আজ বুধবার (২৭ জুলাই) ভোররাত পর্যন্ত এই দুই আসামীকে গ্রেফতার করে। এসময় মাদক আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা রুজ্জু হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ অভিযানের নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।